

“মুজিব বর্ষের আহ্বান,
সেবায় মিলবে পরিদ্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শুজলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০১৪.২০.

৪৪

তারিখ: ৬ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: জনাব মোঃ আব্দুল হামিদ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের(মামলা নং ০৭/২০২০)।
তারিখ: ২০/০৭/২০২০।

অভিযোগনামা

যেহেতু, ঝিনাইদহ জেলাধীন কালিগঞ্জ উপজেলার ত্রিলোচনপুর ইউনিয়নের গোপিনাথপুর গ্রামবাসীর পক্ষে জনাব মিজানুর রহমান গং কর্তৃক দাখিলকৃত অভিযোগ পত্রে উল্লেখ করা হয়, আপনি জনাব আব্দুল হামিদ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ বিগত ১২/১২/২০১৬ তারিখ কালিগঞ্জ উপজেলার ত্রিলোচনপুর ইউনিয়নের গোপিনাথপুর গ্রামের ২০ জনের নামে মাথাপিছু ৩০,০০০/- করে ৬,০০,০০০/- ঋণ বিতরণ দেখিয়ে জালিয়াতির মাধ্যমে আত্মসাৎ করেছেন। যাদের নামে ঋণ বিতরণ দেখানো হয়েছে তারা কেহই জানেন না। ২০ জনের মধ্যে ৭ জন মৃত ব্যক্তির নামও রয়েছে;

যেহেতু, উল্লিখিত বিষয়ে দৈনিক প্রথম আলো পত্রিকায় ‘মৃত ব্যক্তির নামে ঋণ উত্তোলন’ শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। উক্ত সংবাদের বিষয় তদন্ত করার জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ কর্তৃক ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে আপনার বিরুদ্ধে কালিগঞ্জ উপজেলার ত্রিলোচন ইউনিয়নের গোপিনাথপুর প্রকল্প গ্রামে ব্যাংক সুদের ৮০% অর্থ মূল টাকায় স্থানান্তর পূর্বক উক্ত অর্থ হতে ৬,০০,০০০/- সাত জন মৃত ব্যক্তিসহ বিশ জন ঋণ গ্রহীতার মধ্যে ১২/১২/২০১৬ তারিখ বিতরণ দেখিয়ে নিজে আত্মসাৎ করে পরবর্তীতে ৩১/০১/২০১৯ হতে ২২/১২/২০১৯ তারিখের মধ্যে পর্যায়ক্রমে পরিশোধ করার অভিযোগ প্রমাণিত হয়েছে। ঋণ পরিশোধের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রায় এক বছর ৯মাস পর উক্ত অর্থ ব্যাংকে জমা প্রদান করায় আপনার উপর আত্মসাৎকৃত অর্থের ১০% সার্ভিসচার্জ বাবদ ১,০৫,০০০/- ধার্য করা হয়েছে;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শুজলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভুক্ত এবং একই বিধিমালায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব আব্দুল হামিদ কে সরকারি কর্মচারী(শুজলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত : অভিযোগ বিবরণী-০১ পাতা।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক

ফোন: ৯১৩১৯৬৬

জনাব মোঃ আব্দুল হামিদ
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালিগঞ্জ, ঝিনাইদহ।


স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০১৪.২০.


৪৪

তারিখ: ৬ আশ্বিন ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক(প্রশাসন ও অর্থ)/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা/প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
৪. উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ন), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ।
৬. সহকারী পরিচালক(অর্থ/ প্রশাসন-২), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৭. উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কালিগঞ্জ, ঝিনাইদহ।



২০/০৯/২০২০
মোঃ নূরুল হক মিয়া
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)



অভিযোগ বিবরণী

জনাব আব্দুল হামিদ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ এর বিরুদ্ধে কালিগঞ্জ উপজেলার ত্রিলোচন ইউনিয়নের গোপীনাথপুর প্রকল্প গ্রামে ব্যাংক সুদের ৮০% অর্থ মূল টাকায় স্থানান্তর পূর্বক উক্ত অর্থ হতে ৬,০০,০০০/- সাত জন মৃত ব্যক্তিসহ বিশ জন ঋণ গ্রহীতার মধ্যে ১২/১২/২০১৬ তারিখ বিতরণ দেখিয়ে নিজে আত্মসাত করে পরবর্তীতে ৩১/০১/২০১৯ হতে ২২/১২/২০১৯ তারিখের মধ্যে পর্যায়ক্রমে পরিশোধ করার অভিযোগ তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হয়েছে। ঋণ পরিশোধের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রায় এক বছর ৯মাস পর উক্ত অর্থ তিনি ব্যাংকে জমা প্রদান করায় তার উপর আত্মসাৎকৃত অর্থের ১০% সার্ভিসচার্জ বাবদ ১,০৫,০০০/- ধার্ম্য করা হয়েছে।

তার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।


শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক